



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০২৫৮৮৮-৪৪৯৮১

তারিখ: ১৬.০৬.২০২৬

### প্রেস রিলিজ

## পাবিপ্রবি শিক্ষকদের জন্য প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ মঙ্গলবার (১৬ জুন) শিক্ষকদের জন্য ‘আউটকাম বেজড এডুকেশন (ওবিই) কারিকুলাম ডেভেলপমেন্ট’ বিষয়ে দিনব্যাপী এক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান। বিভিন্ন বিভাগের শিক্ষকরা কর্মশালায় অংশগ্রহণ করেন।

উপাচার্য অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম বলেন, “পিপাসা লেগেছে, পানি পান করতে হবে, দেরি করা যাবেনা। যে কাজ আমাদের করতে হবে, সেটা দ্রুতই করতে হবে। ওবিই কারিকুলাম এক থেকে দেড় মাসের মধ্যে শেষ করার জন্য তাগিদ দেন তিনি। বেশি দেরি হলে শিক্ষার্থীরাই বঞ্চিত হবে। গতানুগতিকতার জায়গা থেকে বের হয়ে দৃষ্টিভঙ্গি পরিবর্তন করতে হবে। বিশ্বের সাথে প্রতিযোগিতায় টিকে থাকতে হলে আমাদের ওবিই করতেই হবে। এর কোনো বিকল্প নেই। তিনি আরও বলেন, বড় বড় বিল্ডিং হলেই হবেনা; ক্লাসরুম, ল্যাব, লাইব্রেরির আধুনিক সুযোগ-সুবিধাসহ অন্যান্য বিষয়গুলো আমরা উন্নয়ন করব। প্রশিক্ষণকে একদিনের মধ্যে সীমাবদ্ধ রাখা যাবেনা। প্রশিক্ষণ শেষে প্রাপ্ত অভিজ্ঞতা ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে কাজে লাগাতে হবে এবং জানতে হলে প্রশ্ন করতে হবে।”

কর্মশালায় রিসোর্স পারসন ছিলেন খুলনা বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি’র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. সালাউদ্দিন। সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর পরিচালক অধ্যাপক ড. মো. শামীম রেজা।

উপাচার্য বলেন, “ওবিই আমাদের উচ্চশিক্ষার কাঠামোকে দক্ষতা, মান এবং জবাবদিহিতার নতুন রূপ দিতে পারে। কিন্তু এর বাস্তবায়ন যদি শুধুই কাঠামোগত অনুশীলন বা বিদেশি অনুকরণে সীমিত থাকে তবে তা ব্যর্থতার পথেই যাবে। আমাদের প্রয়োজন এমন একটি ওবিই দর্শন, যা বাংলাদেশী সমাজ, সংস্কৃতি, শিক্ষা-পরিবেশ এবং শিক্ষক-শিক্ষার্থীর সম্পর্ক বাস্তবতার সঙ্গে সংগতিপূর্ণ। প্রয়োজন এমন একটি ওবিই দর্শন যেখানে কাঠামো থাকবে, আর থাকবে শিক্ষকের স্বাধীনতা, শিক্ষার্থীর অনুসন্ধিৎসা এবং শিক্ষার প্রাণবন্ডতা। ওবিই পদ্ধতির মূল লক্ষ্য হলো এমন দক্ষ জনশক্তি তৈরি করা, যারা কেবল তাত্ত্বিক জ্ঞান নিয়েই সীমাবদ্ধ থাকবে না, বরং বাস্তব



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০২৫৮৮৮-৪৪৯৮১

জীবনের সমস্যা সমাধানে এবং পেশাদারী ক্ষেত্রে নিজেদের জ্ঞান ও দক্ষতা কার্যকরভাবে প্রয়োগ করতে সক্ষম হবে।”

উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম বলেন, “যেকোনো কাজ একটি সুন্দর প্রক্রিয়ার মধ্য দিয়ে সম্পন্ন করতে হবে। নতুনত্বকে গ্রহণ করতে হবে। শিক্ষার্থীদের প্রয়োজনে আমাদের দ্রুত ওবিই করতে হবে।”

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান বলেন, “চাকরির প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকতে হলে ওবিই সম্পন্ন করতে হবে। এ কাজ শেষ হওয়ার পরে এ বিষয়ে প্র্যাকটিস করতে হবে। আমাদের শিক্ষার্থীদের অর্জনকেও পরিমাপ করতে হবে।”

আইকিউএসি’র উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের ভার্চুয়াল শ্রেণিকক্ষে সকাল সাড়ে ১০টায় শুরু হয়ে দিনব্যাপী কর্মশালা চলে।

কর্মশালায় সঞ্চালনা করেন আইকিউএসি’র অতিরিক্ত পরিচালক ড. মো. আসফাকুর রহমান।

১৬.০৬.২০২৬

(মো. বাবুল হোসেন)

উপপরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়